

خليفة الله
المهدي
Caliph of Allah
Al-Mahdi
খলীফাতুল্লাহ
আল-মাহদি

بسم الله الرحمن الرحيم

সকল প্রশংসা আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলার জন্য যিনি সকল কিছুর স্রষ্টিকর্তা। মুহাম্মাদ (সা:) -এর দুরুদ এবং তাঁর পরিবার ও সকল সাহাবীদের উপর রহমত নাযিল হোক।

রাসূলুল্লাহ (সা:) যখন মক্কা থেকে সর্বশেষ নবী হিসেবে আত্মপ্রকাশ করেন, তখন মক্কার লোকেরা ও সমগ্র আরব তাঁর বিরোধিতা করে (প্রায়)। তাদের মতে, আমাদের মধ্য থেকে আমাদেরই একজন কি করে আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলার রাসূল হয়? যে কিনা আমাদের মতই খানা খায়, বাজারে যায়। তার সাথে কেন ফেরেশতা চলাচল করে না বা তার তো অঢেল সম্পদও নেই। এদের মধ্যে অনেক মানুষ-ই শেষ পর্যন্ত ইসলাম থেকে বঞ্চিত হয়ে দুনিয়া থেকে চলে যায়।

ইমাম মাহদি সম্পর্কেও হয়তো মানুষের ধারণা যে, তিনি একজন অতিমানব হবেন। তিনি কা'বা প্রাঙ্গণে রুকনে ইয়ামানি ও মাকামে ইবরাহীমের সামনে লোকদের নিকট থেকে বায়আত গ্রহণ করবেন এবং যদি প্রশাসনকে আল্লাহ তা'আলা বাধা প্রদান থেকে বিরত রাখবেন বা ধ্বংস করে দিবেন। তিনি নিজের মাহদিয়্যাত সম্পর্কে নিজেই জানবেন না, বরং কিছু লোক তাকে তার ইচ্ছার

AnsuPen™ Reusable Insulin Pen
Ansulin™ Pen Cartridge Insulin Human (rDNA) USP

বিরুদ্ধে ঘর থেকে বের করে নিয়ে এসে জোরপূর্বক বায়আত প্রদান করবে।

হাদিসের ভুল ব্যাখ্যা, সেই ভুল ব্যাখ্যার ব্যাপক প্রচার এবং আলেম সমাজের এই ব্যাপারে গবেষণার অভাবের ফলস্বরূপ সাধারণভাবে হয়তো সকল মুসলিমদের মধ্যে এই ধারণা বদ্ধমূল হয়ে আছে।

قال إنك لن تستطيع معي صبرا
وكيف تصبر على ما لم تحط به خبرا

আপনি আমার সাথে কিছুতেই ধৈর্যধারণ করে থাকতে পারবেন না। (৬৭)
যে বিষয়ে আপনার কোন খবর নেই, তাতে আপনি কিভাবে ধৈর্য ধারণ করবেন। (৬৮)
[سورة الكهف]

ঠিক আছে, সামনে অগ্রসর হোন.....

হাদীস পর্যালোচনা

يكون اختلاف عند موت خليفة - فيخرج رجل من اهل المدينة هارب الى مكة - فيأتيه ناس من اهل مكة - فيخرجونه - وهو كاره - فيبايعونه بين الركن والمقام - ويبعث اليه بعث من اهل الشام فيخسف بهم بالبيداء بين مكة والمدينة - فاذا راى الناس ذلك اتاه ابدال الشام و عصائب من اهل العراق - فيبايعونه بين الركن و المقام

সুনান আবু দাউদ :- ৪২৮৬

একজন বাদশাহ-র মৃত্যুর নিকটবর্তী সময়ে মতানৈক্য দেখা দিবে। তারপর শাহরবাসি এক ব্যক্তি প্রকাশ্য পাবে, যে পালিয়ে মক্কায় যাবে। তারপর মক্কার কিছু লোক তার নিকটে আসবে। তারপর তাকে প্রকাশ্য করা হবে এবং তিনি অপছন্দ করবেন। তারপর রোকন ও মাকামের মাঝে বায়আত গ্রহণ করবে। এবং শাম থেকে একটি বাহিনী তার দিকে পাঠানো হবে। মক্কা ও মদিনার মধ্যবর্তী এক খোলা ময়দানে তাদেরকে জমিনে ধসিয়ে দেয়া হবে। মানুষ যখন এই ঘটনা প্রত্যক্ষ করবে, শাম থেকে আবদালরা ও ইরাক থেকে দলে দলে লোক তার নিকটে আসবে। তারপর তার হাতে রোকন ও মাকামের মাঝে বায়আত গ্রহণ করবে।

AnsuPen™ Reusable Insulin Pen
Ansulin™ Pen Cartridge Insulin Human (rDNA) USP

এখানে পর্যায়ক্রমিক ঘটনাসমূহ হলো:

১. একজন বাদশাহ-র মৃত্যুর নিকটবর্তী সময়ে তিনজন রাজপুত্রের মধ্যে দ্বন্দ্ব।
২০২৫ সালে বাদশাহ আব্দুল্লাহ-র মৃত্যু এবং সেবছরই তিন রাজপুত্র মুকরিন বিন আব্দুল আজিজ, মুহাম্মাদ বিন নাইফ ও মুহাম্মাদ বিন সালমান-এর মধ্যে দ্বন্দ্ব শুরু হয়।

২. মদিনার অধিবাসী একব্যক্তির মক্কায় পালিয়ে আসা।
মদিনা বলতে এখানে মদিনা মুনাওয়ারা হয়ত বুঝানো হয়নি। বরং শহর বুঝানো হতে পারে। কুরআনে ১৪টি আয়াত এমন আছে যেখানে 'মদিনা' শব্দটি এসেছে, যার মধ্যে কেবলমাত্র তিন জায়গায় (তওবা-১০১, ১২০ ও মুনাফিকুন-৮) মদিনা মুনাওয়ারা হিসেবে ও বাকি ১১ জায়গায় (কাহফ-১৯, ৮২, ক্বাসাস-১৫, ২০, আ'রাফ-১২৬, আহযাব-৬০,

হিজর - ৬৭, ইয়াসিন - ২০, ইউসুফ - ৩০, নামল - ৪৮) শহর হিসেবে ব্যবহৃত হয়েছে। এছাড়া অন্যান্য বর্ণনা থেকে জানা যায় যে, ইমাম মাহদি মদিনার পূর্ব দিকের কোনো দেশ থেকে আসবেন। মদিনার পূর্বদিকে সোজা রেখা টানলে সেটা বাংলাদেশ পর্যন্ত আসে। পূর্বদিকে হিন্দুস্তান ও পাকিস্তান থাকলেও সংখ্যাতাত্ত্বিক মানের দিক থেকে মদিনার সাথে শুধু বাংলাদেশের মানেরই মিল পাওয়া যায়। নিচে দেখা যাক,

باكستان — 21 — 3
الهند — 18 — 9
المدينة — 4
بنجلاديش — 4

৩. রোকন ও মাকামের মাঝে লোকেরা বায়আত গ্রহণ করবে (১ম বায়আত)।
রোকন ও মাকামের প্রচলিত অর্থ ধরা হয় যথাক্রমে হাজরে আসওয়াদ ও মাকামে ইবরাহীম, যা সম্পূর্ণ শুদ্ধ কিনা বলা যায় না। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, আরবি ركن শব্দটির স্বাভাবিক অর্থ হলো Corner/কোণ (noun form)। কিন্তু এর অন্য একটি অর্থ হলো Shunt/সরে যাওয়া (verb form)।

الركن — 1+30+200+20+50
— 301 — 3+0+1 — 4

AnsuPen™ Reusable Insulin Pen
Ansulin™ Pen Cartridge Insulin Human (rDNA) USP

৪. বাইদা বলতে এখানে পাহাড়ি এলাকাকে বুঝানো হয়েছে।

৫. আরবি مقام শব্দটির স্বাভাবিক অর্থ আসে status. এর একটি synonym হলো موضع যার অর্থ position. এর আরেকটি synonym হলো مكانة বা rank. এর আরেকটি synonym হলো درجة বা grade, degree. বাংলায় শ্রেণী, মান, পদমর্যাদা, যাত্রা ইত্যাদি।

المقام — 1+30+40+100+1+40
— 212 — 2+1+2 — 5

قال رسول الله صلى الله عليه وسلم المهدي يصلحه الله تعالى في ليلة واحدة ١٠٥٣-

রাসূল (সা.) বলেন, আল্লাহ তা'আলা মাহদিকে এক রাতে পরিশুদ্ধ করে দিবেন। [আল ফিতান, হাদিস - ১০৫৩]

قَالَ أَلَمْ أَقُلْ إِنَّكَ لَنْ تَسْتَطِيعَ مَعِيَ صَبْرًا

আমি কি আপনাকে বলিনি যে, আপনি আমার সাথে কিছুতেই ধৈর্য ধরতে পারবেন না। (৭৮) [سورة الكهف]



হাদীস পর্যালোচনা

يقتتل عند كنزكم ثلاثة - كلهم
ابن خليفة — ثم لا يصير الى واحد
منهم — ثم تطلع الرايات السود من
قبل المشرق — فيقتلونكم قتلا
لم يقتله قوم — ثم ذكر شيئا لا
احفظه — فإذا رأيتموه فبايعوه
ولو حبوا على الثلج — فإنه
خليفة الله المهدي

সুনান ইবন মাজাহ, হাদীস নং : ৪২৩৫

তোমাদের ধনভান্ডারের নিকট তিনজনের মধ্যে দ্বন্দ্ব শুরু হবে। এদের প্রত্যেকেই রাজপুত্র। তাদের কেউ সেই ধনভান্ডার হাসিল করতে পারবে না। তারপর পূর্ব দিক থেকে কালো বানারের উদয় হবে। তারা তোমাদেরকে এমনভাবে হত্যা করবে, এরপূর্বে এরকম হত্যাকান্ড আর কোনো জাতি করেনি। সাওবান (রা:) বলেন, এরপর কিছু একটা বললেন যা আমি স্মরণে রাখতে পারিনি। তারপর নবীজী (সা:) বললেন, সুতরাং, যখন তোমরা তাকে দেখবে তার হাতে বায়আত হয়ে যেও, বরফের উপর হামাগুড়ি দিয়ে হলেও। সুতরাং, নিশ্চয়ই সে আল্লাহ-র খলিফা আল মাহদি।

AnsuPen™ Reusable Insulin Pen
Ansulin™ Pen Cartridge Insulin Human (rDNA) USP

এই হাদীসের ঘটনাপ্রবাহ :

১. সৌদি তিন রাজপুত্রের মধ্যে দ্বন্দ্ব এবং এদের কেউই শেষ পর্যন্ত বাদশাহ হতে পারবে না।

ইতিমধ্যে মুকরিন বিন আব্দুল আজিজে মারা গিয়েছে বা মেরে ফেলা হয়েছে। মুহাম্মাদ বিন নাইফকে জেলে বন্দি করে রাখা হয়েছে। মুহাম্মাদ বিন সালমান ও শেষ পর্যন্ত বাদশাহ হতে পারবে না। {ইনশা আল্লাহ}

২. পূর্বদিক থেকে কালো ব্যানারের উদয়

হাদীসে ব্যবহৃত আরবি শব্দ ٱلْعِلْمُ অর্থ ব্যানার। কিন্তু এর অন্য একটি অর্থ হলো Tech/Science. পূর্ব দিক থেকে কালো বিজ্ঞান-এর ব্যবহার শুরু হবে যার মূল উদ্দেশ্যই হলো মানুষকে মেরে ফেলা। উদাহরণস্বরূপ "COVID 19" এবং "HAARP" তথা High-frequency Active Auroral Research Program-এর কথা উল্লেখ করা যায়। একটি হলো ভাইরাস এবং আরেকটি হলো Weather Weapon বা আবহাওয়া অস্ত্র।


THE
POP
MACHINE
·DISCLOSURE·


দুখান
COVID-19
Coronavirus Disease 2019
Biological Weapon


৩. এমনভাবে মানুষদেরকে হত্যা করা হবে, যা ইতিপূর্বে আর কেউ করেনি।
করোনা ভাইরাসের মাধ্যমে দুনিয়াব্যাপি মানুষদেরকে ধোকা দিয়ে রোগ ছড়িয়ে দিয়ে এমনভাবে মেরে ফেলা হয়েছে, যা সম্ভবত এর আগে কখনো দুনিয়াতে ঘটেনি।

৪. বরফের চেয়ে হামাগুড়ি দিয়ে হলেও বায়আতবদ্ধ হতে হবে।
সম্ভবত ইমাম মাহদির আত্মপ্রকাশের সময় স্বাভাবিকভাবে মক্কায় প্রবেশ করা যাবে না। করোনা ভাইরাসের দোহাই দিয়ে সৌদি সরকার সারা দুনিয়া থেকে হাজীদেরকে (হজ্ব - ওমরা করার জন্য) মক্কায় প্রবেশ করতে দেয়নি। এর মূল উদ্দেশ্য হতে পারে, লোকেরা যেনো ইমাম মাহদির হাতে বায়আত হওয়ার জন্য মাসজিদুল হারামে বা মক্কায় একত্রিত হতে না পারে।

উল্লেখ্য, গত ২০১৭ সালে সৌদির ক্রাউন প্রিন্স মুহাম্মাদ বিন সালমান ক্ষমতা গ্রহণ করে। ক্ষমতা গ্রহণের পর থেকে যে-ই তার দেশ পরিচালনা করার ভুল পদ্ধতি এবং মুসলিমদের পবিত্রভূমি আরবকে ধর্মনিরপেক্ষ কুফরি রাষ্ট্রে পরিণত করার বিষয়ে কথা বলেছেন, তার উপরেই নেমে এসেছে অবর্ণনীয় নির্যাতন। বিশেষ করে সচেতন আলেম সমাজ, সাংবাদিক, শিক্ষাবিদ এবং সাহিত্যিক অ্যাক্টিভিস্টদের ব্যাপক হারে গ্রেফতার, নির্যাতন, এমনকি খুন

AnsuPen™ Reusable Insulin Pen
Ansulin™ Pen Cartridge Insulin Human (rDNA) USP

পর্যন্ত করা হয়েছে। ২০২০ সালের আগস্ট মাসে ক্বারী বাসফারকে আটক করা হয়েছে। ক্বারী বাসফার জেদ্দার কিং আব্দুল আজিজ বিশ্ববিদ্যালয়ের শরীআ ও ইসলামিক স্টাডিজ বিভাগের সহযোগী অধ্যাপক এবং ওয়ার্ল্ড বুক অ্যান্ড সুন্নাহ সংস্থার প্রাক্তন সেক্রেটারি জেনারেল। ২০১৭ সালের ২১ সেপ্টেম্বর কোনো কারণ ছাড়াই গ্রেফতার করা হয় শাইখ নায়েফ আল সাহাফিকে। তারপর তাকে ১০ বছরের কারাদণ্ড দেয়া হয়েছে। বার্তা সংস্থা ডকুমেন্টিং অপ্রেশন এগেইন্সট মুসলিম (DOAM) জানিয়েছে, সৌদি অপরাধমূলক আদালত গোপনে এই রায় প্রদান করে। এ রায় সম্পর্কে আদালত কিছুই জানায়নি। রাষ্ট্রবিরোধী বিভিন্ন কর্মকান্ডে জড়িত থাকার মিথ্যা অভিযোগে শাইখ সালমান আল আওদাকে সৌদি সরকার ২০১৭ সালের ৭ সেপ্টেম্বর থেকে দীর্ঘ চার বছর ধরে কারাগারের কনডেম সেলে বন্দি করে রেখেছে। ইন্টারন্যাশনাল ইউনিয়ন অব মুসলিম স্কলার্সের সহকারী মহাসচিব শাইখ সালমান আল আওদা কারাগারে হারিয়েছেন নিজের দৃষ্টি ও শ্রবণশক্তি। শাইখ সালমান আল আওদার ছেলে আব্দুল্লাহ আল আওদা সংবাদ মাধ্যমকে জানান, "বাবা জেলে যাওয়ার আগে চোখে দেখতে পেতেন এবং কানে শুনতেন। জেলে থাকা অবস্থায় বাবার উপর অমানবিক নির্যাতন চালানো হয়েছে। সৌদি সরকারের নির্দেশে তার ওপর নির্যাতন চালানোর কারণে অন্ধ ও বধির হয়ে গেছেন।" এছাড়াও, সৌদি আরবের মুসলিম স্টুডেন্টস কাউন্সিল ইজন বিচারককে বরখাস্ত করেছে তারা দাড়ি কামাতে ও ধূমপান করতে নিষেধ করেছেন বলে।


তিনি কে


ARE YOU
READY?


LET'S
GO
SHOOTING

Imam Mahdi

Mushtaq Muhammad Arman Khan ibn Abdul Quddus Khan.

He came from a noble family at Netrokona Bangladesh. His birth date is 30th May 1981. He was very keen on cultural activities, had an alacrity towards poetry. During his school life, he used to act and sing. He had an impromptu poetry acumen. Yet, he was a topper in his class. After his accomplishment of School and College life, he got into BUET and studied EEE. Much like other meritorious peers, he went to that Campus with Sky-high aspiration for Dunya. But, a single night's dream changed the momentum of his life. By the grace of Almighty Allah, he had chance to participate in a world gathering of Tablighe jama'at at Tongi, Bangladesh. He was a 3rd year student that time. But, it was a turning point of his life that changed his life style, ideology, spirits dramatically.

AnsuPen™ Reusable Insulin Pen
Ansulin™ Pen Cartridge Insulin Human (rDNA) USP

He chose Islam as a perfect way of lifestyle and started to love it. He had chosen a candid, austere lifestyle and became meticulous to acquire Islamic knowledge. However, he continued his engineering career, too. He went to Malaysia for higher education after accomplishment of his graduation with first class. He worked for Malaysian communication of Multimedia Commission and DG Telecommunication as a successful researcher and scientist. He was the first man who worked with off-net Modeler. His scientific journal was published from different countries of the world. He is also author of the book "MIMO technology"

which was published from Europe. Though he is a successful researcher, Author, scientist and teacher he is devoid of the avarice of Dunya. He abandoned the covetous offer of bright career from the USA, Netherlands, Scotland, Australia. He came back to Bangladesh and worked as a Faculty of a Private University. In his conjugal life, he has three sons and one daughter namely Abdullah, Qaseem, Ibrahim & Fatima. Though he studied in english medium but sent his children to Madrasah so that they can work for the Deen.

He has immense alacrity towards learning ilm though he has myriad of obligations. He has intimate relations with Islamic scholars. He has studied kitabs of Madrasah syllabus and maintained a regular association with Islamic scholars. Renowned scholars accolade his recitation of QURAN and ilm. He has sacrificed his life for Islam. He has taken self-retirement from his professional career. Now, he is quite busy with

AnsuPen™
Reusable insulin Pen
Ansulin™ Pen Cartridge
Insulin Human (rDNA) USP

preaching efforts at home and abroad. During his religious preaching tour in 2016 A.D in Uganda for four months, he as well as his companions were in four districts of the country named Wakiso, Kalangala, Masaka and finally the capital Kampala. About 600 non-believers including men and women embraced Islam reciting the holy Shahadah. His another identity is that he is an Ahlul Bait (descendants of our messenger (SA)). The writer possesses a great piety. He often dreams of rasulullah & more noticeably, ALLAH (SWT). Having intling from Rasulullah (SA) through his dream, he and some of his companions have migrated to Mecca & now staying there searching for Imam Mahdi. As they dreamt his advent is close.

ইমাম মাহদি

মুশতাক মুহাম্মাদ আরমান খান। জন্ম তারিখ ২৭ রজব ১৪০১ হিজরী (৩০ মে ১৯৮১ ইসায়ী)। গ্রামের বাড়ি নেত্রকোনা। বাসা উত্তরা, গাজীপুরে। স্কুল ও কলেজে লেখাপড়া করেন। তারপর বুয়েটে EEE নিয়ে লেখাপড়া করেন। মাস্টার্স করেন মালয়েশিয়াতে। একসময় দেশে ফিরে এসে একটি প্রাইভেট ইউনিভার্সিটিতে প্রায় ছয় বছর শিক্ষকতা করেন। পিতার নাম আব্দুল কুদ্দুস। ব্যক্তিগত জীবনে তিনি ৪ সন্তানের জনক। একসময় তিনি মক্কায় চলে যান। কিছুদিন পর তার পরিবারও মক্কায় তার কাছে চলে যায়। বর্তমানে তিনি মক্কাতেই বসবাস করছেন।

দৈহিক গঠন: ফর্সা, তবে আরবদের মত তত্টা ফর্সা নন। দেহ মধ্যম গড়নের, স্থূলকায়, খুব মোটাও নয় আবার একদম শুকনোও নয়। খুব লম্বাও নয় আবার বেটেও নয়। প্রশস্ত ললাট, নাসিকা উচু। চোখের পাতি ও ভ্রু কালো। লম্বা, ঘন দাড়ি যা বুক ঢেকে ফেলে। উপরের পাটিতে মাঝের দুটি দাঁত নেই। বাহক-এক্সিডেন্ট-এ দুটি দাঁত হারান। মুখে বেশ কয়েকটি তিলক রয়েছে। কপালে সিজদার চিহ্ন; দেখতে অনেকটা থুতনির মত। হযরতের পিঠে মোহরে নবুওয়াতের মত চিহ্ন বিদ্যমান। কথা স্পষ্ট, ধীর গতিসম্পন্ন, ভারী মনে হয়।

বংশ পরিচয়ঃ

হযরত মুয়াবিয়া (রা:)-এর পর খিলাফত চলে যায় ইয়াজিদের নিকট। তার শাসনামলে হযরত হুসাইন (রা:) তার বিরুদ্ধে বিদ্রোহ করেন। কিন্তু, তার বাহিনীকে প্রতারণার মাধ্যমে কারবালায় নিয়ে যেয়ে হত্যা করা হয়। সেই দিন হুসাইন সহ ৭২ জন আহলে বাইত পুরুষকে দুশমনরা হত্যা করে। তাদের মাথা কেটে বর্শায় ঢুকিয়ে কারবালার প্রান্তরে টানিয়ে দেয়। আর তাদের দেহগুলোর উপর ঘোড়া চালিয়ে ছিন্নভিন্ন করে দেওয়া হয়। আহলে বাইতের মহিলাদের বন্দী করে হুসাইন (রা:)-এর মাথাসহ দুশমনরা ইয়াজিদের দরবারে নিয়ে যায়। ইয়াজিদ নবী পরিবারের সদস্যদের শিকারের কায়দাতে পাঠিয়ে দেয়। তারপর থেকে নবী পরিবারের লোকেরা কিছুকাল সেখানেই অবস্থান করেন। তবে ফাতিমা (রা:)-এর মাধ্যমে নবীজী-র পরিবার যে বিস্তৃতি লাভ করে সেটা হয়তো ইতিহাসের পাতায় হারিয়ে যায়। হতে পারে আজ প্রায় চৌদ্দ শত বছর পর তাদের খুঁজে পাওয়া দুঃসাধ্য ব্যাপার, কিন্তু তারা এখনো

আছেন। আমরা মুসলিমরা তাদের কথা ভুলে গেলেও ইহুদি-নাসারাদের দল আরব ভূ-খন্ড তন্ন তন্ন করে তাদেরকে খুজে বেড়াচ্ছে। যেহেতু নবীজীর বংশ থেকে ইমাম মাহদির জন্ম হবে। তিনি মুসলিমদের হারানো খিলাফত আল্লাহ'র ইচ্ছায় আবার প্রতিষ্ঠা করবেন। বর্তমান সময়ে নবীর বংশধারার উপর ভিত্তি করে ইমাম মাহদিকে চিনা হয়তো অনেক কঠিন। নবীর বংশধরগণ সারা বিশ্বের বিভিন্ন স্থানে ছড়িয়ে পড়েছেন। তাদের অনেকেই হয়তো জানেন না যে তারা নবীর বংশধর। বিশেষ করে যারা আরবের বাহিরে অবস্থান করছেন তাদের জন্যে জানা আরো কঠিন। আবার কে হাসান (রা:) -এর বংশধর আর কে হুসাইন (রা:) -এর বংশধর তা জানা আরো কঠিন। বর্তমানে মানুষ তাদের পূর্বপুরুষদের সম্পর্কে বিস্তারিত খবর হয়তো রাখেন না। তাই কাউকে যদি আল্লাহ তা'আলা স্বপ্নের মাধ্যমে জানান, সম্ভবত তাহলেই কেবল জানা সম্ভব কে রাসূলুল্লাহ-র বংশধর। আরবীয় জ্ঞানের ভাষ্য অনুযায়ী তিনি আহলে বাইত। শাইখকে উল্লেখযোগ্য সংখ্যক স্বপ্নের মাধ্যমে নিশ্চিত করা হয়েছে যে তিনি আহলে বাইত। স্বপ্নে তিনি খাদিজা (রা:) আয়েশা (রা:) -কে দেখেছেন, যা তিনি বায়রে মাইয়ামে হলে হয়তো দেখার কথা না। এছাড়াও হযরতের পূর্বপুরুষগণ (বার পুরুষ পূর্বে) ইরান হতে হিন্দুস্তানে এসেছেন। ইরানে রাসূলুল্লাহ-এর বংশধরদের একটি বড় অংশ এখনও রয়েছে। Wikipedia-এর তথ্যমতে বর্তমানে ইরানে ষাট লক্ষেরও অধিক মানুষ নবীর বংশধর।

AnsuPen™ Reusable Insulin Pen
Ansulin™ Insulin Human (rDNA) USP Pen Cartridge

সূত্র : https://en.wikipedia.org/wiki/Sayyid#Iran
http://isamahdi.com/content/intro.html

আল্লাহ'র রাসূলের বংশধরগণ ইরানে আগমন করেছিলেন ১৫শ থেকে ১৭শ শতাব্দীতে। পরবর্তীতে অনেকেই হিন্দুস্তানে চলে আসেন। বর্তমানে হিন্দুস্তানের ভারতেই প্রায় ৭০,১৭,০০০ জন আহলে বাইত রয়েছেন।

সূত্র : https://en.wikipedia.org/wiki/Sayyid#India

সুতরাং হযরতের পূর্বপুরুষগণ ইরানের হওয়াটাও একটি গুরুত্বপূর্ণ ইঙ্গিত বহন করে যে, হয়তো তিনি আহলে বাইত।

ঠিক আছে, সামনে অগ্রসর হোন...


আমীরের সতর্কবাণী :
রক্তের বন্যা আসন্ন

ইমাম মাহদির চিঠি

বিসমিল্লাহির রাহমানির রাহীম

দাওয়াত ও তাবলীগের উভয় পক্ষের সকল সাথীদের প্রতি
বান্দা মুহাম্মাদ।

সালামুন আলাইকুম।

আল্লাহ পাক এমন সত্ত্বা যিনি কোনো কিছুর মুখাপেক্ষী নন। তিনি সমস্ত কাজে আপন ইচ্ছা ও কুদরতের দ্বারা সম্পন্ন করেন এবং তিনি যেটা করেন সেটাই সবচেয়ে উত্তম ও সঠিক। তিনি আপন হাবীব (সাঃ) কে আমাদের জন্য রহমত হিসেবে পাঠিয়েছিলেন, যিনি তার দায়িত্ব সঠিকভাবে পূরণ করে আল্লাহ পাকের দরবারে ফিরে গিয়েছেন। আল্লাহ পাক তাকে তার উপযুক্ত বদলা দান করুন। সকল ফেরেশতা ও মুমিন বান্দার পক্ষ থেকে তার জন্য দরুদ ও সালাম পৌঁছে দিন। আম্মা বা'দ।

আল্লাহ পাক এরশাদ ফরমান, আমার দেয়া নিয়ামতের শুকুর গুজারি করো, তাহলে আমি তোমাদের জন্য নিয়ামতকে আরো বৃদ্ধি করে দিবো, আর যদি তোমরা না শুকরি করো, জেনে রেখো আমার আযাব বড় কঠিন। তাবলিগের মেহনত ছিল আমাদের জন্য অনেক বড় এক নিয়ামত। কিন্তু আমরা এর কদর করিনি বিধায় আল্লাহ পাক এই মেহনতকে উঠিয়ে নিয়েছেন। দ্বীনের মেহনত উঠিয়ে নেওয়া অনেক বড় এক আযাব যা

AnsuPen™ Reusable Insulin Pen
Ansulin™ Pen Cartridge Insulin Human (rDNA) USP

ভূমিকম্প, ঘূর্ণিঝড় বা এরকম অন্য কোনো আযাব থেকেও কঠিন। বর্তমানে তাবলিগের যে পরিণতি হয়েছে তা আল্লাহ পাকের ফয়সালাতেই হয়েছে, কারণ আল্লাহ পাকের ফয়সালা ব্যতীত তো কিছুই হয় না।

আমাদের জন্য জরুরি হলো, আমরা এই ব্যাপারে তালাশ করে দেখি, কেনো আল্লাহ পাক আমাদের উপর এতো নারাজ হলেন যে তিনি দুনিয়া ব্যাপি তাবলিগের এতো মকবুল এক মেহনতকে বর্তমান হালতে এনে দাড় করালেন? এই মেহনত নষ্ট হওয়ার কারণ কখনোই বিবাদমান মতানৈক্য যা মাওলানা সা'দ সাহেব ও আলেম সমাজের মধ্যে দেখা দিয়েছে, তা নয়। আলেম সমাজ বা ষড়যন্ত্রকারী চক্র যারাই এই ঘটনার সাথে জড়িত ছিল, এরা তো কেবল আসবার মাত্র, যা আল্লাহ পাকের ফয়সালাকে বেঁয়ে আনতে ব্যবহৃত হয়েছে।

কোনো ষড়যন্ত্রকারী বা অপশক্তির কোনো পরিকল্পনাই কোনো কাজে আসতো না যদি আল্লাহ পাক এর বিপরীতে কোনো পরিকল্পনা করতেন। কেননা, আল্লাহ পাক উত্তম পরিকল্পনাকারী এবং তিনি যা ইচ্ছা তাই করার সামর্থ্য রাখেন। উহুদের যুদ্ধে ৭০ জন সাহাবী (রাঃ) শাহাদ হওয়ার পিছনে দৃশ্যমান কারণ মনে হয় যেনো ওই সকল তীরন্দাজ সাহাবার স্থান ত্যাগ করা যাদেরকে নবীজী (সাঃ) স্থান ত্যাগ করতে নিষেধ করেছিলেন। আসলে তো কারণ এটা ছিলো না। বরং বদরের যুদ্ধের ৭০ জন কাফের বন্দীদেরকে মুক্তিপনের বিনিময়ে ছেড়ে দেয়ার পরই তো আল্লাহ পাক সন্তুষ্ট সাহাবীর শাহাদাতের ফয়সালা করেছিলেন। আর আল্লাহ পাকের এই ফয়সালা বাস্তবে আসার জন্য তীরন্দাজ সাহাবায়ে কেরামের একটি ভুল পদক্ষেপ আসবার হিসেবে জাহের হয়েছে। ঠিক তেমনি তাবলিগের মেহনতের বর্তমান পরিস্থিতি হলো আল্লাহ পাকের ফয়সালা এবং তা বাস্তবে আসার জন্য আলেমসমাজ ও ষড়যন্ত্রকারীরা ছিল আসবাব। তাহলে এই মেহনতের বর্তমান পরিস্থিতির পিছনে আসল কারণ হলো আল্লাহ পাকের নারাজি। আর এই নারাজির কারণ হলো আমভাবে আমরা সকল সাথি এই মেহনতের সাথে খেয়ানত করেছি। একেবারে মারকাজ থেকে শুরু করে পর্যন্ত, হালকা ও মাসজিদওয়ার সাথিদের মাঝে দলাদলি, খাওয়াসদের

AnsuPen™ Reusable Insulin Pen
Ansulin™ Pen Cartridge Insulin Human (rDNA) USP

সর্বক্ষেত্রে বাড়াবাড়ি; মারকাজের, পয়েন্টের, জেলার, এমনকি হালকার মাশোয়ারায় ঝগড়াঝাঁটি ও হাতাহাতি, কোথাও নির্দিষ্ট কোনো আমির না থাকায় কে কাওকে মান্য করে না, সবাই আমির আর, ইস্তেমায়ি মালের খেয়ানত, জোমাতের রোখ ও বিদেশের জোমাতের ব্যাপারে লবিং, মেহমানদারির নামে ২০-২৫ পদের তরকারি দ্বারা ফোজের আয়োজন ইত্যাদি নানাবিধ খেয়ানতের কারণে আল্লাহ পাক নারাজ হয়েছেন। এ কারণগুলোর কোনোটাই নবীজী (সা:) - এর সুন্নত নয় বা খুলাফায়ে রাশেদিনেরও সুন্নত নয়।

হযরত আলী (রা:) ও হযরত মুয়াবিয়া (রা:) -র মাঝে যে দ্বন্দ্ব হয়েছিল তার পরিণতি ছিল খুলাফায়ে রাশেদিনের রক্তময় জামানার পরিসমাপ্তি, যদিও এই দ্বন্দ্বের উভয় দিকে জান্নাতি নেতা ছিলেন এবং এই দ্বন্দ্ব তখন শেষ হয় যখন হযরত হাসান (রা:) স্বেচ্ছায় খেলাফত মুয়াবিয়া (রা:) -র

হাতে হস্তান্তর করেন। তবলিগের বর্তমান বিবাদের দুই পক্ষের কাউকেই আমরা জান্নাতি হওয়ার নিশ্চয়তা দিতে পারি না এবং এর পরিণতি তো আমরা দেখতেই পাচ্ছি। প্রায় সকল মসজিদ থেকে পাঁচ কাম উঠিয়ে নেয়া হয়েছে, ময়দানে খুনাখুনি হচ্ছে, পূর্বের ন্যায় জোমাত আল্লাহর রাস্তায় বের হচ্ছে না। মাওলানা সা'দ সাহেব এবং উলামায়ে কেরামের মাঝে বনাবনি হচ্ছে না, তারা এক হতে পারছেন না। কারণ, এর পেছনে বড় এক ষড়যন্ত্র ও তাকাপ্যসার চালাচালি আছে, যা মারকাজের সাথে সংশ্লিষ্ট অনেক ভাইই অবগত আছেন। এর মানে হলো বর্তমান বিবাদ আর কখনো মিটবে না। তাহলে এখন আমাদের জন্য করণীয় কি এবং সবকিছুর পরিণতি আসলে কোন দিকে যাচ্ছে?

নবীরা যখন কোনো এলাকায় আসতেন, মেহনত করতেন, লোকেরা সেই মেহনতের বিরোধিতা করতো এবং একসময় আল্লাহ পাক তার নবীকে সরিয়ে নিতেন ও আযাব পাঠাতেন। হিন্দুস্তানের পূর্ববঙ্গে (বাংলাদেশে) দুইটা নিয়ামত ছিলো। তবলীগ ও কওমী উলামায়ে কেরাম। এখন দুইটাই ধ্বংসপ্রায়। বুখারি শরীফের এক হাদীসে বর্ণিত হয়েছে, একবার হযরত জিবরাইল আলাইহিস সালাম এসে বললেন, হে রাসূলুল্লাহ (সা:)! আপনার

AnsuPen™
Reusable Insulin Pen
Ansulin™ Pen Cartridge
Insulin Human (rDNA) USP

উম্মতের মধ্যে ফিতনা প্রকাশ পাবে। নবীজী (সা:) বললেন, কোন দিক থেকে? জিবরাইল (আ:) বললেন, সরকার ও আলেমসমাজের পক্ষ থেকে। নবীজী (সা:) জিজ্ঞাসা করলেন, কিভাবে? জিবরাইল (আ:) বললেন, সরকার লোকদের উপর জুলুম করবে এবং আলেমরা সরকারের অনুগত হবে। যেমন এখন হিন্দুস্তানের পূর্ববঙ্গের (বাংলাদেশের) অবস্থা। সেখানে হাসিনা জালেম সরকার এবং কাওমী মৌলানারা হাসিনার অনুগত। চুরি, জিনা, মদ পান এগুলো এতটা ক্ষতিকর নয় যতটা ক্ষতিকর আলেমসমাজ সরকারের অনুগত হওয়া। যেখানে আলেমসমাজের কারণেই আযাব নাযিল হলো এবং সেই আযাবের কারণে মুসলিম রাষ্ট্র যেখান এখন অমুসলিম রাষ্ট্রে পরিণত হয়েছে, যা ভূমিকম্প বা ঘূর্ণিঝড় হতে বড় আযাব। পূর্ববঙ্গের আলেমসমাজে সরকারের অনুগত হয়ে গেছে। আল্লাহ পাকের গোস্বাকে ঠান্ডা

করার মতো জামাত আল্লাহর রাস্তায় চলছে না। পূর্ববঙ্গ (বাংলাদেশ) এখন আযাবে গ্রেপ্তার হওয়ার উপযুক্ত। শাহ নেয়ামতুল্লাহ (রাহঃ) ৫৭০ হিজরীতে ভবিষ্যদ্বাণী করেছিলেন, পূর্ববঙ্গে (বাংলাদেশে) মুসলমানদের রক্ত শহরে মুসলমানদের রক্তের বন্যা হবে। হিন্দুরা এই কাজ করবে। দুই ঈদের মাঝখানে এই ঘটনা ঘটবে। সে সময় পূর্ববঙ্গের বাদশাহ যে থাকবে তার নামের প্রথম অক্ষর 'শীন' ও শেষ অক্ষর 'নুন' থাকবে (যেমন বর্তমানে পূর্ববঙ্গের প্রধানমন্ত্রী)। [গুগলে "শাহ নেয়ামতুল্লাহ রহঃ এর ভবিষ্যৎ বাণী" বাংলাদেশ পরিস্থিতি বই; গাকওয়াতুল হিন্দ লিখে সার্চ দিলে বাসিদাটি পাওয়া যাবে ইনশাআল্লাহ]

একবার নবীজী (সাঃ) পূর্বদিকে তাকালেন তখন তাঁর পবিত্র চোখে পানি এসে গেলো। তিনি জানালেন, পূর্বদিকে আমার এই পরিমাণ উম্মতকে হত্যা করা হবে যে রক্তে তাদের টাখনু পর্যন্ত ডুবে যাবে। তাই এখন পূর্ববঙ্গে আযাব আসা খুব স্বাভাবিক, বিশেষ করে ঢাকা ও উত্তরে। কারণ ঢাকা ও উত্তরের সাথীরাই তাবলিগের এই পবিত্র মেহনতের সাথে বেশি খেয়ানত করেছে, মরক্কন ও শামের সাথিরা এতটা করেনি। আযাব পূর্ববঙ্গের (বাংলাদেশের) বর্ডার পর্যন্ত চলে এসেছে। মায়ানমারে বৌদ্ধরা এবং আসামে হিন্দুরা মুসলমানদেরকে যেভাবে হত্যা করছে বাংলাদেশের মুসলমান বিশেষ করে আলেমসমাজ

AnsuPen™ Reusable Insulin Pen
Ansulin™ Pen Cartridge Insulin Human (rDNA) USP

3 তাবলিগওয়ালাদের উপর এরকম আযাব যে কোনো সময় আসবে, (যদি আল্লাহ পাক চান)। শাহ নেয়ামতুল্লাহর ভবিষ্যদ্বানী অনুযায়ী এই কুরবানির ঈদের (কিংবা আগামী কুরবানীর ঈদের) আগেই এই আযাব আসার সম্ভাবনা খুব বেশি (যদি আল্লাহ পাক চান)। পূর্ববঙ্গের (বাংলাদেশের) অধিকাংশ পুলিশ প্রধান এখন হিন্দু, নাস্তিক বা অর্ধশিক্ষিত পুলিশ, বিভিন্নভাবে ইন্ডিয়ান হিন্দুরা মুসলমান পরিচয়ে যোগ দিয়েছে। একটা সন্ডগোল দেখিয়ে এইসব পুলিশ দাঁড়ি-টুপিওয়ালাদের, বিশেষ করে আলেমদের হত্যা করবে। যারা আমরা তাবলীগের পবিত্র মেহনতকে ধ্বংস করেছি, তাদের উপর আযাব আসা খুব স্বাভাবিক। আর যদি সত্যি সত্যি বাংলার মুসলমানদের হত্যা করা শুরু হয়, তাহলে তা হবে গাযওয়াতুল হিন্দের পটভূমি।

ইমাম আব্দুল কাদির (রাহিঃ) বলেছেন, ১৪০০ হিজরীর শুরুতে ইমাম মাহদির জন্ম হবে। সে হিসেবে ১৪০১ হিজরী (১৯৮১ সালে) ইমাম মাহদির জন্ম এবং ১৪৪১ হিজরীতে (২০২০ সালে) তাঁর আত্মপ্রকাশ করার কথা। ২০২০ সালে ইমাম মাহদির আত্মপ্রকাশের সম্ভাবনা খুবি বেশী, কারণ আমরা যতটুকু শুনেছি, মাওলানা ইলিয়াস সাহেব (রাহিঃ) ১৯২০ সালে প্রথম ৩ দিনের জামাত বের করেন। তিনি ছিলেন গত শতাব্দির মুজাদ্দেদ। ১০০ বছর পর এই শতাব্দির মুজাদ্দেদ হিসেবে ২০২০ সালে ইমাম মাহদির আত্মপ্রকাশ ঘটবে, ইনশাআল্লাহ। মাওলানা সা'দ সাহেবও গতবছর (২০১৮ সালে) একথা বলেছেন বলে শুনেছি যে, দুই বছরের মধ্যে ইমাম মাহদির আত্মপ্রকাশ ঘটবে এবং তিনি নিজে তাবলিগের মেহনতকে ইমাম মাহদির হাতে সমর্পণ করবেন। তাছাড়া বিশ্বের অনেক আলেমরাহ এই বিষয়ে একমত প্রকাশ করেছেন যে ২০১৯-২০২৪ সালের মধ্যে ইমাম মাহদির আত্মপ্রকাশ ঘটবে, ইনশাআল্লাহ। এহেন পরিস্থিতে আমাদের আল্লাহ পাকের সাহায্যের বড় প্রয়োজন। কিন্তু আমাদের ঈমান - আমল কি সেই পর্যায়ে উন্নীত হয়েছে যা দ্বারা আমরা চাইলে আল্লাহ পাক আমাদেরকে সাহায্য করবেন?

আমরা ২০০৭ সালে বাংলাদেশের উত্তরী

AnsuPen™
Reusable Insulin Pen
Ansulin™ Pen Cartridge
Insulin Human (rDNA) USP

ইস্তেমা দেখেছি। বৃহস্পতিবার রাত হতে অল্প অল্প বৃষ্টি হচ্ছিল। শুক্রবার সকালেও বৃষ্টি। দিন যত গড়াচ্ছিল বৃষ্টির পরিমাণও তত বৃদ্ধি পাচ্ছিলো। মিম্বার থেকে একটু পরপর দোয়া হচ্ছে, আল্লাহুম্মা হাওয়ালাইনা ওয়ালা আলাইনা। কিন্তু বৃষ্টি তো থামে না। আমাদের হিন্দুস্তানের তিন মারকাজের (বোরক, বাংলাদেশ, পাকিস্তান) মুরুব্বিরা, তাবলিগের সকল জিম্মাদার সাথিরা এবং লাখো লাখো দেশ বিদেশের সাথিরা সবাই সারাদিন দোয়া করলেন, আর আল্লাহ পাক কারো ডাকে সাড়া দিলেন না। বাধ্য হয়ে আমাদের মুরুব্বিরা সেই রাতেই ইস্তেমা শেষ করে দিলেন। ইনারা সবলে সাহাবী (রাযি:)-দের সাথে আল্লাহ পাকের নুসরতের কাহিনী বলে বলে মানুষকে আল্লাহ পাকের রাস্তার জন্য তৎপর করেন, অথচ ইনারা সকলে মিলে সেই দিন বৃষ্টি বন্ধের দোয়া করেও

আল্লাহ পাকের কোনো সাহায্য পেলেন না।

আমরা ২০১৩ সালে পূর্ববঙ্গের (বাংলাদেশের) প্রতিবিপ্লবের শাপলাচত্বর দেখেছি। জামাত ও মাদরাসা ছাত্রদের এত বড় সমাবেশ ইতিপূর্বে হয়েছে কিনা আমাদের জানা নেই। দিন শেষে সকলেই খুব দোয়া করলেন, কাঁদলেন। কিন্তু আল্লাহ পাকের সাহায্য এলো না। বরং রাতের বেলায় মেহিট নিভিয়ে আলেম ও ছাত্রদের হত্যা করা হলো। এবং আজব ব্যাপার হলো রাতে মুষলধারে বৃষ্টি দিলেন, মনে হয় যেনো আল্লাহ পাক জালেমদেরই পক্ষে ছিলেন এবং রাস্তা থেকে আলেমদের রক্ত ধুয়ে পরিষ্কার করার জন্য বৃষ্টি দিলেন। দেশের স্থানীয় সকল আলেম, পীর সাহেব ও অবুঝ ছাত্রদের সম্মিলিত দোয়ায় আল্লাহ পাক কোনো সাড়া দিলেন না, কেনো?

(যদিও কথাগুলো অনেকের কাছে ভালো লাগবে না, তথাপি আমাকে সত্য বলতেই হবে। দেয়ালে পিঠ ঠেকে গেছে। এখন মুখলজ্জার আর সময় নেই!) আলেমগণ নিজেদেরকে নবীর ওয়ারিশ দাবী করেন, কেবল সম্মান পাওয়ার জন্য, কিন্তু নবীদের মতো ইনাদের দোয়া কবুল হয় না। কারণ নবীদের সাথে ইনাদের জীবনের কোনো মিল নেই। তাবলিগের শুরা, হিম্মাদার সাথি ও সাধারণ

AnsuPen™
Reusable Insulin Pen
Ansulin™ Pen Cartridge
Insulin Human (rDNA) USP

সাথি কারো জীবনের সাথে আমাদের নবীজী (সাঃ) বা সাহাবা রাদিয়াল্লাহু আনহুমদের জীবনের কোনো মিল নেই। না ইবাদাতের ক্ষেত্রে মিল আছে, না ঘর বাড়ির আসবাব পত্রের সাথে মিল আছে, না লেবাসের ক্ষেত্রে মিল আছে, না খানাপিনার ক্ষেত্রে মিল আছে, না জীবনের উদ্দেশ্যের সাথে মিল আছে। নবীজী (সাঃ) ইরশাদ ফরমান, আমার পর তোমরা আবু বকর ও ওমরের (রাদিয়াল্লাহু আনহুমা) অনুসরণ করো। হযরত আবু বকর (রাঃ) ইসলামপূর্ব যুগে মালদার ছিলেন। ইসলামে তিনি যত পুরাতন হয়েছেন, তত নিঃস্ব হয়েছেন, দুনিয়াকে বিসর্জন দিয়েছেন, আল্লাহ পাকের সাথে সম্পর্ক তত মজবুত হয়েছে। এখন মাদরাসার মুহতামিম সাহেব ও পীর সাহেবরা শুরুতে সাধারণ মানুষ থাকেন। আর যত পুরাতন হতে থাকেন তত টাকার সাথে সম্পর্ক বাড়তে থাকে। আগে টিনের ঘরে থাকলে পরে আলিসান ফ্ল্যাট বা

নিজের বাড়িতে থাকেন। আগে সাইকেলে চড়লে পরে হেলিকপ্টারে চড়েন। আগে সাধারণ মানুষের সাথে মিশতেন, এখন নারী প্রধানমন্ত্রীর (যেমন: শেখ হাসিনা) সাথে মুসাফাহা করেন। তাবলীগের সাথীরা পুরাতন হতে থাকেন আর খেদমত বিমুখ হতে থাকেন। ইলিয়াস, পয়েন্ট, নিযামুদ্দিন কিংবা কাকরাইলের মাশোয়ারা ছাড়া অন্য সকল আমল বাদ দিতে শুরু করেন। বজ্জদের সাথে বেয়াদবি ও ঝগড়া করা শুরু করেন। এগুলি পুরাতন সাথী মানেই ভালো বয়ান করতে পারবেন। ইনারা ইজতেমাতে, জোমাতে ও বড়দের মেহমানদারির নামে খাওয়াদাওয়ার যে ভোজের আয়োজন করেন ও খায়েশ পূর্ণ করেন, আর বয়ানের সময় আবু বক্কর (রাঃ) এর পূর্বে মিস্ট খাওয়ার ঘটনা, বকরীর মাথা সাত বাড়ি ঘুরে আবার প্রথম বাসায় আসার ঘটনা বা ওমর (রাঃ) -এর দ্বি, থাকার কারণে খানা হতে হাত গুটিয়ে নেয়ার ঘটনা বর্ণনা করেন, তখন আসমানে নিশ্চয়ই আল্লাহ পাক খুশি হন না। জয় হয় ইনাদের ঠোঁট যদি আগুনের কাচি দ্বারা কাটা হয়!

মাওলানা ইলিয়াস সাহেব রহিমাহুল্লাহ বলেছিলেন, তাবলিগের মেহনতের উদ্দেশ্য হলো, নবীজী (সাঃ) দুনিয়া হতে চলে যাওয়ার সময় মদিনাতে সাহাবী (রাঃ) -দেরকে ইসলামের যেই স্তরে রেখে গিয়েছিলেন উম্মত আবার সেই স্তরে ফিরে যায়। আল্লাকে

AnsuPen™
Reusable Insulin Pen
Ansulin™ Pen Cartridge
Insulin Human (rDNA) USP

মদীনাওয়ালা সাহাবীদের মতো আলেম বা তাবলিগের সাথি আদৌ খুঁজে পাওয়া যাবে কিনা সন্দেহ। তাই আমাদের মাদরাসায় এলেম শিক্ষা করা বা তাবলিগে যাল, তিন চিল্লা বা বিদেশ সফরের মাধ্যমে আসল মঞ্জিলে আমরা পৌছাতে পারিনি। আমদের জীবনে ইসলাম আসেনি। হাশরের ময়দানে একথা জিজ্ঞেস করা হবে না, তুমি দেওবন্দের আলেম কিনা, তুমি কোনো পীর সাহেবের খিলাফত পেয়েছিলে কিনা, কুরআন তিলাওয়াতে আন্তর্জাতিক কোনো পুরস্কার পেয়েছিলে কিনা, বিদেশ সফর করেছিলে কিনা, নিযামুদ্দিন কিংবা কাকরাইলের শুরা হতে পেরেছিলে কিনা, টঙ্গী ময়দান দখল করতে পেরেছিলে কিনা। এগুলো আল্লাহ পাকের কাছে কোনো মূল্য রাখে না যদি যিন্দেগীতে দ্বীন না আসে। তাই হাশরের ময়দানের প্রথম প্রশ্নই হলো, তোমার জীবন কেমন ছিলো? সারা জীবন তাবলিগ করে বা মাদরাসার মুহতামিম, পীর হয়ে বা উস্তাদ হয়েও যদি টাকা ও সম্মানের লিপ্সা

নিয়ে কবরে পৌঁছি তাহলে সেইদিন সব বৃথা হবে।

বর্তমানে ইসলামের যে শেকেল আমাদের সামনে আছে সেটা প্রকৃত ইসলাম নয়। হাদিসে পাকে এরশাদ হয়েছে, ইসলাম যেমন শুরুতে অপরিচিত ছিলো আবারো তা অপরিচিত হয়ে যাবে। অন্য এক হাদীসে এরশাদ হয়েছে, মানুষের উপর এমন এক যমানা আসবে যখন ইসলামের নামটুকু ব্যতীত কিছুই অবশিষ্ট থাকবে না। কুরআনের অংকিত হরফ ব্যতীত কিছুই অবশিষ্ট থাকবে না। (সেই যামানার আলামত হলো,) মসজিদগুলো তখন সুসজ্জিত থাকবে, কিন্তু হেদায়ত থেকে খালি হবে। তখন আলেমরা হবে আসমানের নিচে সবচেয়ে নিকৃষ্ট বান্দা। এরাই ফিতনা সৃষ্টি করবে এবং সেই ফিতনায় নিজেরাই পতিত হবে। তাই আমাদের জন্য জরুরি হলো প্রকৃত ইসলাম যা সাহাবায়ে কেরামের যিন্দেগীতে ছিলো সেই ইসলামের অনুসরণ করা। আমি ইসলামের উপর আছি কিনা সেটা আমাকে যাচাই করতে হবে হাদিস দেখে; শুরা, পীর সাহেব বা মুহতারিম সাহেবদের যিন্দেগী দেখে নয়। এক সাহাবী জিজ্ঞাসা করলেন, ইয়া রাসুলাল্লাহ (সাঃ)! ইসলামের নূর কারো দীলে প্রবেশ করেছে কিনা এটা চিনবার আলামত কি? নবীজী (সাঃ) এরশাদ ফরমান, এই ধোকার ঘর থেকে তার মন উঠে যাবে, চিরস্থায়ী ঘরের জন্য অস্থির হয়ে উঠবে এবং মৃত্যু আসার আগেই সে মৃত্যুর জন্য তৈরি হয়ে যাবে।

AnsuPen™
Reusable Insulin Pen
Ansulin™ Pen Cartridge
Insulin Human (rDNA) USP

এই ধোকার ঘর হতে যদি কারো দীল উঠে যায় সে কি টাকা পয়সা, ঘরবাড়ি, সম্মান ও জিম্মাদারি হাসিল বা সরকারের চাটুকারি করবে? যে চিরস্থায়ী ঘরের জন্য অস্থির হয়ে আছে, দুনিয়ার কোনো জিনিস কি তাকে আনন্দ দিবে? যে মৃত্যুর অপেক্ষা করছে সে কি সত্য কথা বলতে শাসকের ভয় করবে? দেশের শীর্ষস্থানীয় আলেম, নিযামুদ্দিন বা কাকরাইলের মুরুব্বি বা জিম্মাদার সাথি হয়েও যদি এই তিনটি আলামত আমাদের মাঝে না থাকে, তাহলে আমরা এখনো ইসলাম পাইনি বা মুসলমান হইনি। আমার ইসলাম যেনো আমাকে দুনিয়া বিসর্জন দিতে শিক্ষা দেয়, দুনিয়া কামাইয়ের মাধ্যম না হয়।

এতায়াতের সাথীদের প্রতি আরজ করি, নিজেদের প্রতি রহম করি। দলাদলি, মারামারি করে কোনো লাভ নেই। এটা আল্লাহ পাকের নিষেধ। আল্লাহ পাক এরশাদ ফরমান, আল্লাহর রশ্সি

(অর্থাৎ পূর্ণ শরীয়ত) - কে মজবুতভাবে আঁকড়ে ধরো, দলাদলি করো না।

(সকল উম্মতের প্রতি,) নিজেদের কামাই রোজগারকে পবিত্র করি, তাকওয়া অবলম্বন করি। যেসকল কামাইয়ের জন্য আমাকে সুন্নত ছেড়ে দিতে হয় তা বর্জন করি। যেমন, দুপুরে বিশ্রাম নেয়া সুন্নত। কিন্তু আমার অফিসের চাকরি বা ব্যবসা আমাকে দুপুর বিশ্রাম নিতে দেয় না। এই চাকরি বা ব্যবসা করে কী লাভ? এক সুন্নতের বিনিময়ে যাত আসমান যমিন কী মূল্য রাখে? নিজেদের লেবাস পোশাকের ও খানাপিনার ক্ষেত্রে সুবিনম্র যা হয় তা অবলম্বন করি। আল্লাহর রাস্তায় মাল খরচ করার ক্ষেত্রে খুব চোকান্না হই। ধারকর্জ করা থেকে সম্পূর্ণ বিরত থাকি। যেই ব্যবসা করার সামর্থ আমার নেই সেই ব্যবসার জন্য ধার করা লাখো গুনাহ। গরিব সাথিরা ধনী সাথিদের থেকে দ্বীনী কোনো কারণে অর্থ গ্রহণ না করা চাই। এতে তার গোলাম হয়ে থাকতে হবে এবং হক কথা বলা কঠিন হবে। তাছাড়া ধনীদের সাথে উচ্চাবসা করলে দীলের মধ্যে তার মালের প্রতি তামান্না আসতে পারে এবং ধনী সাথির করুনার পাত্র হতে হবে, যা হবে আল্লাহ পাকের গোস্বার কারণ। যেসব সাথিরা গার্মেন্টস ব্যবসার সাথে জড়িত তারা নিজেদের প্রতি দয়া করি। আখিরাতে তাকওয়া কাজে আসবে, এই জামানার মুফতি সাহেবদের ফতোয়া অকার্যকর হয়ে যেতে পারে।

AnsuPen™
Reusable Insulin Pen
Ansulin™ Pen Cartridge
Insulin Human (rDNA) USP

হাদীসে পাকে এরশাদ হয়েছে, হালাল সঙ্কীর্ণ রাস্তা দিয়ে আসে, আর হারাম আসে প্রশস্ত রাস্তা দিয়ে। সাথিরা আরাম আয়েশের সকল উপকরণ ত্যাগ করি, নিজেদের প্রতি রহম করি। নিজেদের ঘরের সামানপত্র ও বিবাহী (মা:) - এর ঘরের সামানপত্র তুলনা করি। খাট, সোফা, টেবিল ও অন্যান্য সামান পরিত্যাগ করে নিজেকে হালকা পাতলা রাখি, এই হুকুম কুরআনে এসেছে এবং ফরয। নিজেকে কিয়ামতের হিসাবের জন্য সহজ রাখি, নিজের প্রতি রহম করি। হারাম ও কবীরা গুনাহ হতে খুব সাবধান থাকি। মিডিয়া, মোবাইল, কম্পিউটার ইত্যাদি থেকে দূরে থাকি। এগুলো অনেক গোনাহের কারণ হয়।

পূর্ববঙ্গ (বাংলাদেশের মুসলমানদের প্রতি,) আমি (বাংলাদেশে) আযাব আসার ব্যাপারে স্বপ্ন দেখেছি এবং আল্লাহ পাক আমাকে বলেছেন, 'আমার বান্দাদের জানিয়ে দাও যে আমি অনেক বেশি ক্ষমা করনেওয়ালা। আমার বান্দাদের একথাও জানিয়ে দাও যে

আমার আযাব বড় কাছে। আর তাদেরকে ইব্রাহিম আলাইহিস সালামের মেহমানদের কথা জানিয়ে দাও।' তাই সকল সাথিরা মেহনতের সাথে আমাদের খেয়ানতের উপর তওবা করব এবং আল্লাহ পাকের আযাবের ভয় করি। আল্লাহ পাক ইব্রাহিম আলাইহিস সালামের মেহমানদের কথা কেন বলতে বললেন জানিনা। সংক্ষেপে ঘটনাটা হলো, আল্লাহ পাক ইব্রাহিম আলাইহিস সালামের নিকট ফেরেশতা পাঠালেন। তারা মানুষের শোকলে নবীর নিকট এলেন। আল্লাহর নবী তাদেরকে মেহমান হবে গরু ভুনা করে সামনে পেশ করলেন। তারপর বিসমিল্লাহ বলে খাওয়া শুরু করলেন ও মেহমানদের খেতে বললেন। কিন্তু মেহমানরা ফেরেশতা হওয়ায় তাদের খানার প্রয়োজন ছিল না এবং সেই খানায় হাত দিলেন না। এতে ইব্রাহিম আলাইহিস সালাম ভীত হলেন, তিনি তাদেরকে অশুভ ও শত্রু মনে করলেন। তখন ফেরেশতারা বললেন, ভয় পাবেন না, আমরা আল্লাহ পাকের পক্ষ থেকে দূত। আল্লাহ পাক আপনাকে পুত্র সন্তানের সুসংবাদ দিয়েছেন এবং হযরত লূত আলাইহিস সালামের কওমকে শাস্তি দেয়ার জন্য আমাদেরকে পাঠিয়েছেন। হযরত ইব্রাহিম আলাইহিস সালাম অবাক হলেন যে, তিনি বৃদ্ধ ও তার স্ত্রী ছিলেন বন্ধ্যা, এমতাবস্থায় সন্তান কিভাবে হবে! ফেরেশতারা নবীকে বললেন, আপনি আপনার পরিবার নিয়ে রাতের কিছু অংশ বাকি থাকতে এলাকা হতে বের হয়ে যান, পিছনে ফিরে তাকাবেন না। সকালে আযাব আসবে। যাই হোক,

AnsuPen™ Reusable Insulin Pen
Ansulin™ Pen Cartridge

আমি যতটুকু বুঝেছি, সাথিরা যেনো আল্লাহ পাকের ক্ষমতার উপর ভরসা রাখে। আল্লাহ পাক যা চান তাই হয়, যদিও জাহেরিভাবে তা অসম্ভব মনে হতে পারে। আর হয়ত পূর্ববঙ্গে (বাংলাদেশে) বড় কোনো আযাব আসছে।

সামনে যে কোনো সময় ইমাম মাহদীর আত্মপ্রকাশ ঘটবে, ইনশাআল্লাহ। তাই সকল সাথিরা নিজেদের তৈরি করতে থাকি। বিবি বাচ্চাদেরকে হযরত ইবরাহিম আলাইহিস সালামের কুরবানির মুতাকারা বারবার শুনাতে থাকি, যেনো তারাও হাজেরা ও ইসমাইল আলাইহিস সালামের মতো কুরবানি করার জন্য তৈরি হয়ে যায়। যে আল্লাহ পাকের জন্য প্রয়োজনে নিজের জানমাল, বিবি বাচ্চা, সবকিছু পিছনে ফেলে জিহাদের জন্য বের হতে পারবে না, সে আসলে মুসলমানই হতে পারেনি।


আমাদের জিহাদের জন্য মূল শক্তি হলো আল্লাহ পাকের সাথে সম্পর্ক ও মূল হাতিয়ার হলো দোয়া।
আমাদেরকে এমন মুসলমান হতে হবে যেনো আমরা হাত উঠালে আল্লাহ পাক সেই হাত খালি ফিরিয়ে দিবেন না।

এর জন্য দুনিয়ার সাথে সম্পর্কহীনতা, কোনোভাবে জীবন ধারণের মতো খাদ্যের উপর সন্তুষ্ট হওয়া, এক বা দুইটা জামা, এবং সকল খাহেশ থেকে নিজেকে বিরত রাখা জরুরি। আল্লাহ পাক আমাদের সকলকে আমল করার তাওফিক দান করুন। আমিন।

ওয়াস্‌সালাম।

[যেহেতু এটি একটি নোটপ্যাড আর এখানে কপি-পেস্ট করার সুযোগ নেই। বরং চিচিটি আমাকে দেখে দেখে লিখতে হয়েছে। তাই, আমার ভুল হতেই পারে। তবে এতে চিচির মূল অর্থের কোনো ব্যতিক্রম হয়নি ইনশাআল্লাহ। আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলা আমাকে মাফ করুন।]

AnsuPen™
Ansulin™


আল্লাহ পাক আমাকে
বলেছেন,
'অধিকাংশ মানুষ তোমার কথা
বিশ্বাস করবে না, যতক্ষণ না
তারা নিজের চোখে আযাব
প্রত্যক্ষ করবে।'
- [খলীফাতুল্লাহ আল মাহদি]

পূর্ব মানে কী

পূর্ব দিকের দেশ বলতে খোরাসান ধ্যাস নয়, পূর্ব দিকের যে কোনো দেশই হতে পারে। হিন্দুস্তানের অনেক আলেমের মতে "মদীনা" বলতে নবীজী (সা.)-এর মদীনা মুনাওয়ারাই উদ্দেশ্য। তার অর্থ দাড়ায় "তিনি সৌদি আরবের মদীনায় জন্মগ্রহণ করবেন, পরে পূর্ব দিকে হিজরত করবেন, সেখানে লোকজন তাকে চিনার কারণে প্রকাশ্য হবেন, অতঃপর তিনি মক্কায় আবারো হিজরত করবেন।" আল্লাহ তা'আলা চাইলে সবই সম্ভব, তবে ইমাম মাহদী দুইবার হিজরত করবেন (মদীনা হতে পূর্ব দিকে, পুনরায় পূর্ব দিক হতে মক্কার দিকে) এমন কোনো হাদীস আমার জানা মতে নেই। তিনি যে পূর্ব দিক হতে হিজরত করবেন সটা হাদীস দ্বারা প্রমাণিত। একটা ব্যাপার জানেন? সৌদি আরবের মদীনা শহরটি মক্কা হতে উত্তর দিকে অবস্থিত। অন্যদিকে আরবের বৈনামায়ে কেরাম এ কথা বিশ্বাস করেন যে, ইমাম মাহদী পূর্ব দিক হতেই আসবেন। মদীনা বলতে তারা সৌদির মদীনা বুঝান না। অথচ তাদের এ ব্যাপারে হিন্দুস্তানের আলেমদের চেয়ে বেশি দাবীদার হওয়ার কথা ছিল। কেননা তারা আরবের সন্তান। আমাকে বলুন, আরবের বৈনামায়ে কেরামগণ কি বুঝেননি, এখানে "মদীনা" বলতে সৌদির মদীনা উদ্দেশ্য কিনা?



حدثنا الوليد بن مسلم، عن صدقة بن خالد، عن عبد الرحمن بن حميد، عن مجاهد، عن تبيع، قال: سيعوذ بمكة عائذ فيقتل، ثم يمكث الناس برهة من دهرهم، ثم يعوذ عائذ آخر، فإن أدركته فلا تغزونه، فإنه جيش الخسف.»

[935] رواه نعيم بن الحماد

"তুবাঈ রহ. বলেন, অচিরেই মক্কায় একব্যক্তি আশ্রয়গ্রহণ করে নিহত হবে। অতঃপর মানুষ বুরহা কাল অবস্থান করবে। এরপর আরেকব্যক্তি আশ্রয়গ্রহণ করবে। যদি তুমি তাকে পাও তবে তার বিপক্ষে যুদ্ধ করো না। নিশ্চয়ই সে হলো খাসাফের বাহিনী।"

তুবাঈ বিন আমের রহ. একজন তাবেয়ী। তিনি ইহুদি আলেম কাবে আহবারের সংস্পর্শে, তার কাছে ইলম শিখেন, তাওরাত-ইঞ্জীল ইত্যাদি আসমানি কিতাব পড়েন। হতে পারে তিনি এ বিষয়গুলো কাবে আহবারের কাছে কিংবা পূর্ববর্তী আসমানি কিতাবাদীতে

AnsuPen™ Reusable Insulin Pen
Ansulin™ Pen Cartridge Insulin Human (rDNA) USP

পেয়েছেন। উল্লেখ্য, হাদিস শাস্ত্রের মূলনীতি অনুযায়ী, কোনো সাহাবী বা তাবেয়ী ভবিষ্যতের বিষয়াদী বর্ণনা করলে, সেটা তারা কোন না কোন ভাবে রাসূলের তরফ থেকেই জেনেছেন বলে ধরা হয়। আর ইসরাঈলী বর্ণনার ব্যাপারে হাদিসের নির্দেশনা হলো,

لا تصدقوا أهل الكتاب ولا
تكذبوهم، وقولوا - آمنا بالله
وما أنزل إلينا - وما انزل
إليكم » صحيح البخاري
(7362)

" তোমরা আহলে কিতাবদের বর্ণিত বিষয়াদী সত্যায়ন করো না এবং মিথ্যা প্রতিপন্নও করো না। বরং তোমরা বলো, আমরা আল্লাহর প্রতি ঈমান এনেছি এবং সেই বাণীর প্রতিও যা আমাদের উপর নাযিল করা হয়েছে এবং তার প্রতিও যা তোমাদের উপর নাযিল করা হয়েছে।"

(خسف) খাসাফ শব্দটির অর্থ করা হয় ভূমি-ধ্বস। যদিও এর অর্থ গ্রহণ-3 হতে পারে। কিন্তু, এখানে যে অর্থে শব্দটি ব্যবহার করা হয়েছে তা হলো সম্পূর্ণ ধ্বংসপ্রাপ্ত হওয়া।

১৯৩৬ সালে নযদের এক সম্ভ্রান্ত ও প্রভাবশালী পরিবারে জন্মগ্রহণকারী জুহাইমান, যে আবু মুহাম্মাদ নামে পরিচিত ছিল, ১৮ বছর বয়সে "সৌদি জাতীয় গার্ডে" (Saudi National Guard) সাধারণ কর্মী হিসেবে তার কর্মজীবন শুরু করেছিল। ১৯৫৫ সাল থেকে ১৯৭৩ সাল পর্যন্ত কর্মরত থাকার পর অবশেষে সে সেনাবাহিনী ত্যাগ করে। এরপর সে মদিনায় চলে যায়, যেখানে সে ইসলামী বিশ্ববিদ্যালয়ে পড়াশোনা করে এবং তার ভবিষ্যৎ ভগ্নিপতি মুহাম্মাদ ইবনে আব্দুল্লাহ আল-কাহতানির সাথে দেখা হয়। এক বর্ণনা মতে তিনি এখানে বন্দী অবস্থায় ছেলের মাঝে পরিচয় হয়। আল কাহতানির সাথে সাক্ষাৎ হওয়ার পর জুহাইমানের জীবনের পরিবর্তন ঘটতে শুরু করে। তার বোনের সাথে কাহতানির বিবাহ হয়। জুহাইমান মদিনার কিছু ছোট মসজিদে তাদের আত্মশুদ্ধি বা পরিশুদ্ধির ধারণা প্রচার করতে শুরু করে। তাদের এই মতবাদ ইতিবাচকভাবে কিছু মানুষের দ্বারা গৃহীত হয়েছিল। জুহাইমান যেহেতু পূর্বে সেনা সদস্য ছিল, সেহেতু তার সেনাবাহিনীর সাথে লিংক ছিল। সেখানে সে দাওয়াতী কার্যক্রম পরিচালনা করতে সক্ষম হয়। এতে সেখানে তার কিছু অনুসারীও

AnsuPen™ Reusable Insulin Pen
Ansulin™ Pen Cartridge Insulin Human (rDNA) USP

জুটে যায়। এভাবে জুহাইমানের প্রতিষ্ঠিত দলটি বেড়ে বাড়তে শুরু করে, যতক্ষণ পর্যন্ত না দেশে বিদেশে তার সদস্যদের সংখ্যা হাজারে বৃদ্ধি পায়। জুহাইমান কাহতানিকে বলেছিল যে, সে আল্লাহর পক্ষ থেকে স্বপ্ন দেখেছে, স্বপ্নে তাকে বলা হয়েছে যে, (তার ভগ্নিপতি) কাহতানি "ইমাম মাহদি"। এবং তিনি আরব উপদ্বীপ এবং সমস্ত বিশ্বের বাতিলকে মিটিয়ে দিবেন। মুহাম্মাদ ইবনে আব্দুল্লাহ আল কাহতানি এবং জুহাইমানের অনুসারীদের মধ্যে অনেকেই মাদিনা ইসলামী বিশ্ববিদ্যালয়ের ধর্মতত্ত্ব বিভাগের ছাত্র ছিল। বাকিরা এসেছিল মিশর, ইয়েমেন, কুয়েত, ইরাক এবং আরও কিছু নিগ্রো মুসলিম। তাদের অনুসারীরা এই মতবাদ মেনে নেয়, কেননা আল-কাহতানির নাম এবং তার পিতার নাম; হযরত মুহাম্মাদ (সাঃ)-এর নাম ও পিতার নাম একই। উপরন্তু, তারা আক্রমণের দিন হিসেবে (২০ নভেম্বর, ১৯৭৯) ১৪০০ হিজরী সালের প্রথম দিন নির্ধারণ করে, কারণ হাদীস অনুসারে প্রত্যেক শতাব্দিতে একজন মুজাদ্দিদের আগমন হয়।


ফিতনায়ে
হারাম

ফেতনায়ে হারাম

স্থান : মক্কার পবিত্র মাসজিদুল হারামের আঙ্গিনা।

সময় : পহেলা মুহাররাম, ১৪০০ হিজরী, (২০ নভেম্বর ১৯৭৯ ইসায়ী) এর ভোর।

দৃশ্য : হাজার হাজার ইবাদতকারী মাসজিদে ঢুকছেন, যেমনটি হয়ে থাকে। এরই মধ্যে কয়েক ডজন শোকাতুর মানুষ তাদের কাঁধে মৃতদেহ কফিন বহন করে মাসজিদুল হারামে প্রবেশ করে। ইবাদাতকারীগণ ও মাসজিদের নিরাপত্তা রক্ষীগণ এত সংখ্যক মৃত লোকের কফিন দেখে হয়তো সেদিন আশ্চর্যান্বিত হয়ে গিয়েছিলেন। কিন্তু তারা মাসজিদুল হারামে কফিন দেখতে অভ্যস্ত ছিলেন। যেহেতু প্রায় প্রতি ওয়াক্তের পর এখানে কোনো না কোনো জানাযা থাকেই। কফিনগুলির ভেতরে আগ্নেয়াস্ত্র ও গোলাবারুদ ছিল, যা জুহাইমান আল-ওতাইবির নেতৃত্বে একটি দল এই দিনটির জন্যই হয়ত প্রস্তুত করেছিল। ফযরের নামায কেবল শেষ হতে চলেছে। হঠাৎ সাদা কাপড় পরা প্রায় শ' দুয়েক লোক অস্ত্র হাতে নিয়ে বেরিয়ে এল। কয়েকজন অস্ত্রধারী গিয়ে অবস্থান নিল ইমামের চারপাশে। ইমাম যখন তার নামায শেষ করলেন, অস্ত্রধারীরা মাইক্রোফোনের নিয়ন্ত্রণ নিল। জুহাইমান আল-ওতাইবি এবং মুহাম্মাদ বিন আব্দুল্লাহ আল-কাহতানি পবিত্র মসজিদের ইবাদাতকারীদের সামনে দাড়ালো এবং জুহাইমান উম্মতের সামনে ঘোষণা করল যে, "ইমাম

AnsuPen™ Reusable Insulin Pen
Ansulin™ Pen Cartridge Insulin Human (rDNA) USP

মাহদীর আত্মপ্রকাশ ঘটেছে। তিনি হিজর ইসমাঈল (হাজরে আসওয়াদ) এবং মাক্বামে ইবরাহীমের মাঝামাঝি স্থানে বাইয়াত গ্রহণ করবেন।" ঘোষণা শুনে মানুষ তাকবীর দেওয়া শুরু করল। তুহাইমান পবিত্র কাবা ঘরকে ঘিরে একটি অবরোধ তৈরির নির্দেশ দিল। মাসজিদের মিনারগুলোতে তুহাইমান বন্দুকধারীদের অবস্থান নেয়ার নির্দেশ দিল, যাতে কেউ হামলা করলে তাদের প্রতিরোধ করা যায়। বন্দুকধারীদের মোকাবিলায় প্রথম চেষ্টা ছিল খুবই কাঁচা। অল্প সংখ্যক ন্যাশনাল গার্ড এবং সামরিক বাহিনীর সদস্য প্রথম সেখানে গিয়েছিল। কিন্তু তাদের গুলি করে মেরে ফেলা হয়। সৌদি সরকার এরপর সেখানে হাজার হাজার সৈন্য এবং কমান্ডো পাঠায়। পাঠানো হয় সাঁজোয়া যান। মক্কার আকাশে উড়তে থাকে যুদ্ধ বিমান। কাবা এবং হারাম শরীফের ভেতরে সামরিক অভিযান চালানোর জন্য সৌদি সরকার দেশটির ধর্মীয় নেতাদের কাছে অনুমতি চাইল। প্রথম ছত্রিশ ঘন্টা তারা কোনো সাড়াশব্দ করেননি। এরপর অনুমতি দিলেন।

পরবর্তী কয়েকদিন সেখানে তীব্র লড়াই শুরু হলো। সৌদি সরকারি বাহিনী একের পর এক হামলা চালাতে লাগলো। মাসজিদের একটি অংশ বেশ ক্ষতিগ্রস্থ হলো। শেষ পর্যন্ত সৌদি বাহিনীর সাজোয়া গাড়ি মাসজিদ চত্বরে ঢুকল। বেশিরভাগ যোদ্ধা তখন মাসজিদের ভূ-গর্ভের করিডোরে শেষ আশ্রয় নিলো। সেই অন্ধকার জায়গা থেকেই তারা পরবর্তী কয়েকদিন ধরে লড়াই করে গেল। লড়াই আরো তীব্র হতে লাগল। এদিকে মক্কাকে ঘিরে এই অবরোধের অবসানের জন্য সৌদিরা তখন ফরাসি সামরিক অধিনায়কদের সঙ্গে পরামর্শ শুরু করল। ফরাসি বিশেষ বাহিনীর এই অধিনায়কদের সৌদি আরব পাঠানো হয়। তারা পরামর্শ এবং অস্ত্রশস্ত্র দিয়ে সাহায্য করছিল। এরা মাসজিদের ভূ-গর্ভে যেখানে হামলাকারীরা লুকিয়ে ছিল, সেখানে বিষাক্ত পরিমাণ সিএস গ্যাস ছাড়ার পরামর্শ দিলো। শেষ পর্যন্ত সতের দিন পর জুহাইমান তার সশস্ত্র সাথীদেরকে নিয়ে আত্মসমর্পণ করে। সৌদি টেলিভিশন সম্প্রচার বাধাগ্রস্ত হয়েছিল এবং নাইফ বিন আব্দুল আজিজ পদত্যাগ করলো। সে ঘোষণা করলো, পবিত্র মাসজিদের আঙ্গিনা বিদ্রোহীদের থেকে পাকসাফ করা হয়েছে। এই মাধ্যমে সৌদি আরবের আধুনিক ইতিহাসের সবচেয়ে কঠিন একটি সময়ের ইতি ঘটল। মুসলিমদের পবিত্র প্রাচীন এ গৃহের পবিত্রতা নষ্টকারী অপরাধীদের সাজার আওতায় আনা হয়। রাজা খালিদ ভবনে আব্দুল আজিজ আদেশ নং ৪২০৭/২ এর অধীনে ঘোষণাকৃত জুহাইমান গ্যাং সদস্যদের মৃত্যুদন্ড কার্যকর

AnsuPen™ Reusable Insulin Pen
Ansulin™ Pen Cartridge

করার নির্দেশ দেয়। তাদের মৃত্যুদন্ড কার্যকর করা হয়েছিল প্রকাশ্যে শিরশ্ছেদের মাধ্যমে। একই দিনে ৬৩ জন মক্কায়, মদিনায় ৭ জন, রিয়াদে ১০ জন, দাম্মামে ৭ জন, বুরাইদাহে ৭ জন, হাইলে ৫ জন, ৭ জন আভহা, ৫ জনকে তাবুকে হত্যা করা হয়। জুহাইমান তাদের একজন ছিলো যাদেরকে মৃত্যুদন্ড দেয়া হয়েছিল। ৯ জানুয়ারী ১৯৮০ তারিখে এ মৃত্যুদন্ড কার্যকর করা হয়। তাছাড়া এই সংঘাতের সর্বশেষ ফলাফল হচ্ছে, সৌদি বাহিনীর ১২৭ জন মারা যায়, ৪৭১ জন আহত হয়। অন্যদিকে আক্রমণকারী জুহাইমান বাহিনীর ১১৭ জন মারা যায় আর ৬৩ জনকে মৃত্যুদন্ড দেয়া হয়।

সূত্র:

- https://eng.majalla.com/2009/11/article55100978/the-dream-that-became-a-nightmare
- https://en.wikipedia.org/wiki/1979_Grand_Mosque_seizure
- https://abuse.wikia.org/wiki/Muhammad_bin_abd_Allah_al-Qahtani
- https://en.wikipedia.org/wiki/Mohammed_al-Qahtani



মুহাম্মাদ (সা:)-এর সাথে ইমাম মাহদির কিছু মিল

↦ হযরত মুহাম্মাদ (সা:) নবুওয়াত পান ৪০ বছর বয়সে।
ইমাম মাহদি আত্মপ্রকাশ করেন ৪০ বছর বয়সে।

↦ হযরত মুহাম্মাদ (সা:) থাকতেন মক্কায় আর ইমাম মাহদি থাকতেন টঙ্গীতে। মক্কা ও টঙ্গীর সংখ্যাতাত্ত্বিক মান সমান।

مكة > 40+20+400 > 460 > 4+6+0 > 10
تونجى > 400+6+50+3+10 > 469 > 19 > 10

↦ মক্কাতে হজ্জ-ওমরা নিয়ে প্রহসন হয় আর টঙ্গীতে ইজতেমা নিয়ে প্রহসন হয়।

↦ হযরত মুহাম্মাদ (সা:) ২৫ বছর বয়সে বিয়ে করেছেন।
ইমাম মাহদি ২৫ বছর বয়সে বিয়ে করেছেন।

↦ হযরত মুহাম্মাদ (সা:) মক্কা থেকে হিজরত করেছেন।
ইমাম মাহদি টঙ্গী থেকে হিজরত করেছেন।

↦ মক্কার লোকেরা হযরত মুহাম্মাদ (সা:)-কে মক্কায় ইসলাম প্রচার করতে বাধা দিয়েছে। টঙ্গীর লোকেরা ইমাম মাহদিকে টঙ্গীতে তাবলীগ করতে বাধা দিয়েছে।

↦ ইমাম মাহদি হিজরত করেছেন পবিত্র শহর মদীনা হতে পূর্বদিকে অবস্থিত এক শহর থেকে যে শহরের অক্ষা: শা

AnsuPen™ Reusable Insulin Pen
Ansulin™ Pen Cartridge Insulin Human (rDNA) USP

২৩.৯° উত্তর আর মদীনার অক্ষাংশ ২৪.৪৮° উত্তর।

⟶ ইমাম মাহদির সন্তানদের নাম – আব্দুল্লাহ, কাসেম, ইবরাহীম ও ফাতিমা। অর্থাৎ এঁনার কুনিয়াত আবু আব্দুল্লাহ ও আবুল কাসেম।

⟶ হযরত মুহাম্মাদ (সা:)-এর মোহরে নবুওয়াতের মত ইমাম মাহদির পিঠেও আলামত বিদ্যমান।

⟶ হাদীসে এসেছে,

يُوَاطِئُ اسْمُهُ اسْمِي، وَاسْمُ اَبِيْهِ اسْمَ اَبِيْ

আমাদের নবীর নাম মুহাম্মাদ এবং উনার বাবার নাম আব্দুল্লাহ। ইমাম মাহদির নাম মুহাম্মাদ এবং উনার বাবার নাম আব্দুল কুদ্দুস। কুদ্দুস আল্লাহর আসমাউল হুসনার মধ্যে একটি। অর্থাৎ, হাদীস অনুযায়ী উঁনার নাম ও পিতার নাম সামঞ্জস্যপূর্ণ।

⟶ ইমাম মাহদিকে স্বপ্নে আনানো হয়েছে যে তিনি আহলে বাইত।

হাদীসে এসেছে,

أنا وأهل بيتي من عترتي من ولد

ইমাম মাহদি একজন আলেম কিনা

মুসলমানদের মাঝে এরকম একটি ধারণা হতে পারে যে ইমাম মাহদি একজন বড় আলেম হবেন বা মাদরাসায় তো অবশ্যই পড়ে থাকবেন। ইমাম মাহদি মাদরাসা পড়ুয়া হওয়া জরুরি নয়। দেখুন,

✓ ইমাম মাহদি মাদরাসায় বা দ্বীনী প্রতিষ্ঠানে পড়বেন বা কোনো ব্যক্তি তার দ্বীনী উস্তাদ হবেন এরকম কোনো হাদীস নেই।

✓ হাদীসের ভাষ্য মতে, যে ব্যক্তি দুনিয়া ত্যাগ করবে আল্লাহ তা'আলা তাকে উস্তাদ ব্যতীতই ইলম (ইলমে লাদুন্নী) শিক্ষা দিবেন। একজন সাধারণ মুমিনের জন্যই যদি এই নিয়ম প্রযোজ্য হয়, তাহলে ইমাম মাহদি আল্লাহ-র খাস বান্দা হওয়া সত্ত্বেও কেন উস্তাদের প্রয়োজন হবে?

✓ মাদরাসায় পড়া ব্যতীত কি দ্বীনের সহীহ আলেম হওয়া যায় না? মাদরাসায় না পড়ে উলামায়ে কেরামের সোহবত থেকে কি ইলম হাসিল করা যায় না? আল্লাহ তা'আলা চাইলে এই পন্থা ছাড়াও কোনো বান্দাকে ইলম দান করতে পারেন।

✓ আমাদের কাছে কি আলেমের সংজ্ঞা এরূপ - "যে ব্যক্তি মাদরাসায় পড়ে সার্টিফিকেট লাভ করে থাকে আলেম বলে?" সেক্ষেত্রে তো এই সংজ্ঞার মধ্যে

AnsuPen™ Reusable Insulin Pen
Ansulin™ Insulin Human (rDNA) USP Pen Cartridge

কোনো সাহাবায়ে কেরামও পড়বেন না। ইমাম শাফেয়ি রহঃ বলেন, "রাসূলুল্লাহ (সাঃ) নব্বাধিক সাহাবী রেখে গেছেন যাদের মধ্যে অল্প সংখ্যক হাফেয ছিলেন। যার সূরা বাকারা আর সূরা আনফাল মুখস্থ ছিল, তাকেই আলেম ধরা হত।" [এহইয়াউ উলূমিদ্দীন : কুরআন অধ্যায়]

বর্তমানে আমরা অনেকেই হয়তো ভাবি যিনি দ্বীনের সাথে সম্পর্কিত বিভিন্ন আহকামের মাসআলা জানেন, তাফসীর ও বিশুদ্ধ ছয়টি হাদীসের গ্রন্থ অধ্যয়ন করেছেন, তাকেই আলেম বলে। আল্লাহ তা'আলা ইরশাদ করেন —

لِيَتَفَقَّهُوا فِي الدِّينِ

[সূরা তাওবা ১২২]

অর্থাৎ 'তারা যেন দ্বীনকে বুঝে নেয়।'

ইহুদি - নাসারারা ও খোদ শয়তানও তো কুরআন-হাদীসের পন্ডিত, কিন্তু আল্লাহর কাছে কি এরা কেউ আলেম? দ্বীন কেবল জানার বিষয় নয়, দ্বীন অনুভব করার বিষয়ও বটে। ইমাম আবু হানীফা বলেন, "যে ব্যক্তি দ্বীনের সমস্ত কিতাব অধ্যয়ন

করে নিলো কিন্তু দ্বীন পুরোপুরি বুঝতে পারলো না, সে কুরআন হাদীসের পরিভাষায় আদৌ আলেম নন।"

✓ আল্লাহ তা'আলার ইরশাদ —

إِنَّمَا يَخْشَى ٱللَّهَ مِنْ عِبَادِهِ ٱلْعُلَمَٰٓؤُا۟

অর্থাৎ "নিশ্চয়ই আল্লাহ পাকের বান্দাদের মধ্যে কেবল আলেমগণই আল্লাহ পাককে ভয় করে।" [৩৫ সূরা ফাতির : ২৮]

শাইখ মাহমুদ আল হিন্দী বলেন, "প্রকৃতপক্ষে এই আয়াতের অর্থ হলো,

আল্লাহ পাকের বান্দাদের মধ্যে আলেম কেবল তারাই যারা আল্লাহ পাককে ভয় করে।

যার প্রমাণ পাওয়া যায়, হাদীস শরীফ থেকে। এ হাদীসে বর্ণিত আছে, এক সাহাবী রাযি. নবীজী (সা:) কে জিজ্ঞাসা করলেন, ইয়া রাসূলুল্লাহ (সা:), "সবচেয়ে বড় আলেম কে? তিনি ইরশাদ করলেন, "যে আল্লাহ তা'আলাকে সবচেয়ে বেশি ভয় করে।" শুধু জানার মাধ্যমেই আলেম হওয়া গেলে শয়তান হতো যমানার সবচেয়ে বড় আলেম।

✓ নবীদেরকে দ্বীন শিখানোর কোনো উস্তাদ থাকেন না।

AnsuPen™ Reusable Insulin Pen
Ansulin™ Insulin Human (rDNA) USP Pen Cartridge

তাদেরকে স্বয়ং আল্লাহ পাক দ্বীন শিক্ষা দেন। আর ইমাম মাহদির মিশন হচ্ছে খিলাফাহ আলা মিনহাজিন নুবুওয়্যাহ কায়েম করা। তাই ইমাম মাহদিকেও হয়তো আল্লাহ পাক নিজেই দ্বীন শিক্ষা দিবেন।

✓ আল্লাহ তা'আলা চাইলে একজন নিরক্ষর মানুষকে দিয়েও বিশ্বজাহানের খিলাফতের দায়িত্ব পরিচালনা করাতে পারেন, আধুনিক যানবাহন বানাতে পারেন। উদাহরণ হিসেবে আমাদের উম্মী নবী সাইয়্যিদুল মুরসালিন রাহমাতুল্লিল আলামীন হযরত মুহাম্মাদ (সাঃ) - কেই ধরে নেয়া যাক।

তাই আমাদের উচিত, হাদীসে বর্ণিত আলামতগুলো কার মাঝে পাওয়া যায় তা তালাশ করা। যার মাঝে সকল আলামত পাওয়া যাবে তিনিই হবেন ইমাম আল-মাহদি।

ইলম ও আলেম

